বাংলাদেশ অভ্যন্তরীণ নৌপরিবহন কর্তৃপক্ষ
Bangladesh Inland Water Transport Authority (BIWTA)
১৪১-১৪৩, মতিঝিল বাণিজ্যিক এলাকা, ঢাকা- ১০০০

মেরিন শিক্ষানবিশ সংশোধিত ভর্তি বিজ্ঞপ্তি

আগামী ১লা জানুয়ারী হতে ২০২৭ইং শিক্ষাবর্ষে এক বৎসর মেয়াদী মেরিন শিক্ষানবিশ (ডেক ও ইঞ্জিন) কোর্সে ভর্তির জন্য বাংলাদেশী পুরুষ নাগরিকদের কাছ থেকে অনলাইনে দরখাস্ত আহবান করা যাচ্ছে।

আবেদনের সময়সীমা	**: বিজ্ঞপ্তি প্রকাশের তারিখ হইতে ১৫/১১/২০২৬ইং রাত ১২:০০ ঘটিকা পর্যন্ত।**
প্রশিক্ষণ প্রতিষ্ঠান	**: ১। ডিইপিটিসি- নারায়ণগঞ্জ ২।ডিইপিটিসি- বরিশাল ৩। এসপিটিআই-মাদারীপুর।**
নির্বাচনী পরীক্ষার সময়সূচী	**: ২০ ও ২১শে নভেম্বর ২০২৬ ইং (সকাল ০৯:০০ ঘটিকা)।**
নির্বাচনী পরীক্ষার কেন্দ্র	**: ডিইপিটিসি-নারায়ণগঞ্জ, ডিইপিটিসি-বরিশাল ও এসপিটিআই-মাদারীপুর।**
ফলাফল প্রকাশ	**: ২৪শে নভেম্বর- ২০২৬ইং।**
ভর্তি কার্যক্রম	**: ফলাফল প্রকাশের তারিখ হতে ৩০শে নভেম্বর - ২০২৬ইং পর্যন্ত।**

ভর্তির শর্তসমূহঃ

ক) আবেদনকারীকে অবশ্যই বাংলাদেশী নাগরিক ও অবিবাহিত পুরুষ হতে হবে।
খ) আবেদনকারীকে কমপক্ষে এসএসসি/সমমান পরীক্ষায় উত্তীর্ণ হতে হবে।
গ) নির্বাচনী পরীক্ষার সময় প্রয়োজনীয় সকল সনদ/মার্কশীটের মূল কপি/অনলাইন কপি প্রদর্শন করতে হবে।
ঘ) আবেদনকারীর বয়স এসএসসি/সমমান পরীক্ষার সার্টিফিকেট অনুযায়ী ৩১/১২/২০২৬ইং তারিখে ১৬ $\frac{১}{২}$ বছর থেকে ২১ বছর এর মধ্যে হতে হবে।
ঙ) আবেদনকারীকে তার পছন্দের ক্রম অনুযায়ী প্রশিক্ষণ প্রতিষ্ঠান নির্বাচন করতে হবে। আসন সংখ্যা: ডিইপিটিসি, নারায়ণগঞ্জ-১৫০জন; ডিইপিটিসি, বরিশাল-৩০জন ও এসপিটিআই, মাদারীপুর-৯০জন।
চ) আবেদনকারী যে নির্বাচনী পরীক্ষার কেন্দ্রে ভর্তি পরীক্ষা দিতে ইচ্ছুক তা আবেদনে উল্লেখ করতে হবে।
ছ) চূড়ান্তভাবে উত্তীর্ণ প্রার্থীকে সার্বক্ষণিক প্রশিক্ষণ গ্রহণের জন্য কেন্দ্রে অবস্থান করতে হবে ।
জ) কোন কারণ দর্শানো ব্যতিরেকে যে কোন আবেদন গ্রহণ বা বাতিলের অধিকার কর্তৃপক্ষ সংরক্ষণ করে।

ভর্তি পদ্ধতিঃ

ক) আবেদনকারীদের পছন্দক্রম, মেধা তালিকা ও কর্তৃপক্ষের সিদ্ধান্তের ভিত্তিতে প্রার্থী নির্বাচন করা হবে।
খ) প্রার্থীকে বাংলা, ইংরেজী, গণিত ও সাধারণ জ্ঞান বিষয় (এসএসসি মানের) ১০০ নম্বরের লিখিত পরীক্ষায় অংশ নিতে হবে।
গ) লিখিত পরীক্ষায় উত্তীর্ণ প্রার্থীদের শারীরিক সুস্থ্যতা, চক্ষু, সাঁতার ও মৌখিক পরীক্ষার জন্য ডাকা হবে।
ঘ) শারীরিক সুস্থ্যতা, চক্ষু, সাঁতার ও মৌখিক পরীক্ষায় উত্তীর্ণ প্রার্থীদের মধ্য হতে মেধা তালিকা অনুযায়ী ডেক শাখায় প্রথম ১৪০ (একশত চল্লিশ) জন এবং ইঞ্জিন শাখায় ১৩০ (একশত ত্রিশ) জন-কে চূড়ান্তভাবে নির্বাচিত করে অন্যান্যদের অপেক্ষামান তালিকায় রাখা হবে।
ঙ) চূড়ান্তভাবে নির্বাচিত প্রার্থীকে এককালীন ২০,০০০/- (বিশ হাজার) টাকা এবং জামানত হিসেবে ২,০০০/- টাকা (সফলতার সাথে কোর্স সমাপ্তির পরে ফেরত যোগ্য) ভর্তির সময় জমা প্রদান করতে হবে।

সুবিধাদিঃ

ক) ফ্রি থাকা ও খাওয়ার ব্যবস্থা।
খ) ফ্রি প্রশিক্ষণ ও প্রশিক্ষণ উপযোগী ০১ সেট ইউনিফর্ম প্রদান।
গ) অভ্যন্তরীণ জাহাজে চাকুরীর সুযোগ আছে। চাকুরীকালীন পদোন্নতি পেয়ে একজন প্রার্থীর ১ম শ্রেণীর ইনল্যান্ড মাষ্টার/ইনল্যান্ড ড্রাইভার/ ইনল্যান্ড মেরিন ইঞ্জিনিয়ার হওয়ার সুযোগ আছে।
ঘ) কোন স্বীকৃত বোর্ড বা কর্তৃপক্ষ হইতে পদার্থ বিজ্ঞান ও গণিতসহ মাধ্যমিক (বিজ্ঞান) বা সমমানের পরীক্ষায় ন্যূনতম জিপিএ- ৩.০০ (৫০% নম্বর) প্রাপ্ত প্রশিক্ষণার্থী ডেক/ইঞ্জিন অফিসার ক্লাস- ৫ সনদ প্রাপ্তি সাপেক্ষে বিদেশগামী জাহাজে চাকুরীর সুযোগ পাবে।

Online- এ আবেদনের পদ্ধতিঃ

১. যে কোন ওয়েব ব্রাউজারের মাধ্যমে www.deptcnarayanganj.com এ প্রবেশ করুন>'Online Application' এ ক্লিক করুন> 'Choose an Option' ক্লিক করুন> 'Nautical Science' অথবা 'Marine Engineering' এ Select করে Application Form পূরণ পূর্বক রেজিস্ট্রেশন সম্পন্ন করতে হবে।
২. তিনটি প্রশিক্ষণ প্রতিষ্ঠানের মধ্যে প্রার্থী যে প্রতিষ্ঠানে প্রশিক্ষণ নিতে ইচ্ছুক তাহা পছন্দের ক্রমানুসারে নির্বাচন করতে হবে।
৩. তিনটি নির্বাচনী পরীক্ষার কেন্দ্রের মধ্যে প্রার্থী যে কেন্দ্রে ভর্তি পরীক্ষায় অংশগ্রহণ করতে ইচ্ছুক তা নির্বাচন করতে হবে।
৪. Application Form এ ১০০ kb এর মধ্যে ৩০০ × ৩০০ pixel এর রঙিন ছবি এবং ৬০ kb এর মধ্যে ৩০০ × ৮০ pixel signature upload করতে হবে।
৫. সঠিকভাবে Application Form পূরণের পর প্রার্থীকে Proceed বাটনে ক্লিক করে আবেদন সম্পন্ন করতে হবে ।
৬. আবেদন সম্পন্ন করার পর Applied ID (যা SMS এর মাধ্যমে টাকা প্রদানের সময় ব্যবহার করতে হবে) সহ প্রার্থী Applicant's Copy পর্দায় দেখতে পাবেন এবং তা Print করে সংরক্ষন করবেন।
৭. **পরীক্ষার ফি জমা প্রদান:** Applicant's Copy তে প্রাপ্ত Applied ID ব্যবহার করে ডাচ বাংলা ব্যাংক লিমিটেড এর (মোবাইল ব্যাংকিং সেবা) রকেট একাউন্ট এর মাধ্যমে ৩২০/- (তিনশত বিশ) টাকা আবেদন করার পরবর্তী ৭২ ঘন্টার মধ্যে জমা প্রদান করতে হবে।
৮. **টাকা প্রদানের নিয়ম:** রকেট ডাচ বাংলা মোবাইল ব্যাংকিং এর মোবাইল নম্বর হতে *৩২২# ডায়াল করুন এবং পরবর্তী ধাপ গুলো অনুসরন করুন।

screen ১: Bill Pay....> screen ২: Select your option: Self:নিজের রকেট এ্যাকাউন্ট হলে, Other: Agent হলে আবেদনকারীর মোবাইল নম্বর দিন।.....> screen ৩ : other.....> screen ৪: Enter Bill ID : ৪২৩.....> screen ৫: Enter Bill Number: এর ক্ষেত্রে (Applied ID)দিতে হবে.....> screen ৬: Enter Amount: ৩২০..> screen ৭: Enter PIN (Successful). সঠিক ভাবে সকল ধাপ অতিক্রম করা হলে রকেট হতে একটি নিশ্চিতকরন SMS প্রদান করা হবে।

Admit card download: সফল আবেদনকারীদের Admit card download করার তারিখ ও সময় পরবর্তীতে SMS এর মাধ্যমে জানিয়ে দেয়া হবে।

যোগাযোগঃ (সময়- সকাল ০৯ টা হতে বিকাল ০৫ টা)।
১। ডিইপিটিসি, নারায়ণগঞ্জ: ০১৯১৬৯৮৩২২৪, ০১৬৭৬৬৯৫৯১৪
২। ডিইপিটিসি, বরিশাল: ০১৬৮৩৯৭৮৮৯৭
৩। এসপিটিআই, মাদারীপুর: ০১৮২৭৯১১৫৫৮

অধ্যক্ষ (ভারপ্রাপ্ত)
ডেক ও ইঞ্জিন কর্মী প্রশিক্ষণ কেন্দ্র
বিআইডব্লিউটিএ, সোনাকান্দা, নারায়ণগঞ্জ।